জুলাই/২০১৭ মাসে অনুষ্ঠিত দিরাই উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৪৪তম সভা)

সভাপতি ঃ জনাব মোঃ হাফিজুর রহমান তালুকদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় ঃ ১৩/০৭/২০১৭ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা।
(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে)

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলেচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত** ঃ বিগত সভার কার্যবিবরণীর উপরোক্ত সংশোধনীসহ তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| (২) উপজেলা পরিষদের কমিটির সুপারিশ পর্যালোচনা | (ক) উপজেলা পরিষদের যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত কমিটির সভাপতি জনাব মোঃ গোলাপ মিয়া, জুলাই/১৭ মাসে অনুষ্ঠিত কমিটির সভায় গৃহীত প্রস্তাব /সুপারিশ উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়গুলো এই যে : নারীর ক্ষমতায়নের লক্ষ্যে ৫ম শ্রেণী পাশ হস্তশিল্প/নকশিকাঁথা বিষয়ক প্রদান প্রকল্প। (২) নূন্যতম ৮ম শ্রেণী পাশ বেকার যুবদের ইলেকট্রিক এন্ড হাউজ ওয়ারিং প্রশিক্ষণ প্রদান (৩) নূন্যতম ৮ম শ্রেণী পাশ বেকার যুবদের মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণ প্রদান (৪) উপজেলা পরিষদ চত্বরে যুবদের পণ্য সামগ্রী উৎপাদন ও বিপনন কেন্দ্র কাম-উপজেলা যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করার জন্য প্রস্তাব/ সুপারিশের বিষয়ে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।<br>**সিদ্ধান্ত** ঃ উপস্থাপিত প্রস্তাব /সুপারিশ যাচাই বাছাই করার জন্য উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটি'ত প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাছাই কমিটি |
| | (খ) উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির সভাপতি জনাব মোঃ গোলাপ মিয়া, জুলাই/১৭ মাসে অনুষ্ঠিত কমিটির সভায় গৃহীত প্রস্তাব /সুপারিশ উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়টি এই যে : (১) ভাটিপাড়া ইউনিয়নের দত্তগ্রামের নিকট লাউরানজ্ঞানী ব্রীজের গোড়ায় মাছ বাজারের আধুনিকায়ন করা (ফিসসেড, পাকা ফ্লোর, বিশুদ্ধ পানির ব্যবস্থা, বরফকল ও ড্রেনেজ ব্যবস্থা) (২) রফিনগর ইউনিয়নের বাংলাবাজারে আধুনিক পদ্ধতিতে ড্রাই ফিস প্রক্রিয়াকরণ স্থাপনা তৈরী। প্রস্তাব/ সুপারিশের বিষয়ে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।<br>**সিদ্ধান্ত** ঃ উপস্থাপিত প্রস্তাব /সুপারিশ যাচাই বাছাই করার জন্য উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটি'তে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাছাই কমিটি |
| | (গ) উপজেলা পরিষদের মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা শিক্ষা কমিটির সভাপতি জনাব মোঃ গোলাপ মিয়া, জুলাই/১৭ মাসে অনুষ্ঠিত কমিটির সভায় গৃহীত প্রস্তাব/সুপারিশগুলো উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়গুলো এই যে : দিরাই উপজেলায় অবস্থিত মাধ্যমিক প্রতিষ্ঠান সমূহের বিভিন্ন সমস্যা বিদ্যমান। সেই সকল বিদ্যালয়ে উন্নত ওয়াশ ব্লক সহ স্যানিটেশন ব্যবস্থা করা, মাল্টিমিডিয়া প্রজেক্টরও কম্পিউটার প্রদান এবং কিছু কিছু প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ প্রদানের ব্যবস্থা করা। যে সকল বিদ্যালয়ে ওয়াশ ব্লকসহ স্যানিটেশন ব্যবস্থা প্রয়োজন তার তালিকা হলো : (১) মকসদপুর নিম্নমাধ্যমিক বিদ্যালয় (২) আলহাজ্ব আব্দুল্লাহ উচ্চ বিদ্যালয় (৩) হায়দরিয়া দাখিল মাদ্রাসা (৪) মাতারগাঁও মোহাম্মদিয়া উচ্চ বিদ্যালয় (৫) এইচ এম পি উচ্চ বিদ্যালয় (৬) হাতিয়া পীর আকিলশাহ নেছারিয়া দাখিল মাদ্রাসা (৭) কুলঞ্জ মডেল নিম্নমাধ্যমিক বিদ্যালয় (৮) বামাচরন নিম্নমাধ্যমিক বিদ্যালয় (৯) এইচ.এম.পি উচ্চ বিদ্যালয় (১০) দৌলতপুর উচ্চ বিদ্যালয়ে স্থাপনের জন্য অনুরোধ। প্রস্তাব/ সুপারিগুলোর বিষয়ে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।<br>**সিদ্ধান্ত** ঃ উপস্থাপিত প্রস্তাব /সুপারিশ যাচাই বাছাই করার জন্য উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটি'তে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাছাই কমিটি |
| | (ঘ) উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটির সভাপতি জনাব ছবি চৌধুরী, | উপজেলা প্রকল্প |

| | | |
|---|---|---|
| | জুলাই/১৭ মাসে অনুষ্ঠিত কমিটির সভায় গৃহীত প্রস্তাব/সুপারিশগুলো উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়গুলো এই যে : (১) হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনা সিস্টেম নির্মাণ করা (২) হাসপাতালে একটি ২৫০ কেভিএ ট্রান্সফরমা স্থাপন করা (৩) হাসপাতালের সামনে ডিজিটাল নামফলক সহ একটি গেইট নির্মাণ করা (৪) কিশোরীদের বয়োসন্ধিকালীন স্বাস্থ্য সমস্যা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য ৮ম-১০ম শ্রেণীর ছাত্রীদের ০১(এক) দিনের বয়োসন্ধিকালীন স্বাস্থ্য সমস্যা সম্পর্কিত অবহিতকরণ কর্মশালার আয়োজন করা। এখাতে সর্বমোট ১,৭৮,০০০/- (এক লক্ষ আটাত্তোর হাজার) টাকা বরাদ্দ প্রদান করা। প্রস্তাব/ সুপারিগুলোর বিষয়ে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** উপস্থাপিত প্রস্তাব /সুপারিশ যাচাই বাছাই করার জন্য উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটি'তে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | বাছাই কমিটি |
| | (ঙ) উপজেলা পরিষদের কৃষি ও সেচ কমিটির সভাপতি জনাব মোঃ গোলাপ মিয়া, জুলাই/১৭ মাসে অনুষ্ঠিত কমিটির সভায় গৃহীত প্রস্তাব/সুপারিশটি উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়টি এই যে : চলতি বছরে চাহিদামত প্রয়োজনীয় বিএডিসি বোরো বীজ সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা। প্রস্তাব/ সুপারিটি বিষয়ে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** উপস্থাপিত প্রস্তাব /সুপারিশ যাচাই বাছাই করার জন্য উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটি'তে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাছাই কমিটি |

(৩) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা

চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত জুন/১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপঃ

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্র:নং | বিবরণ | টাকা | ক্র:নং | বিবরণ | টাকা |
| ১. | স্থাবর সম্পত্তি হস্তান্ত করের ১% হতে মোট প্রাপ্ত | ১,১৭,৯০৮/৫২ | ১. | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের সম্মানি | ৫৪,৫০০/- |
| ২. | ব্যাংক বিবরণী মোতাবেক প্রাপ্ত | ৭২,৬০০/- | ২. | পরিষদ কর্মচারীগণের বেতন ও ১ জনের জিপিএফ সহ ব্যয় বাবদ | ২০,৫৯১/- |
| ৩. | উপজেলা খাদ্য অফিসের ভাড়া | ৬০০/- | ৩. | জুন/১৭ মাসের আপ্যায়ন ও আনুষাঙ্গীক ব্যয় বাবদ | ২৪,০০০/- |
| ৪. | হাসনাহেনা ভবনের পশ্চিম প্বার্শের নীচ তলার বাসা ভাড়া | ১৫,০০০/- | ৪. | উপজেলা পরিষদের ২০১৬-১৭ অর্থ বছরের পৌর কর বাবদ | ৭০,৩৫০/- |
| | | | ৫. | উপজেলার কৃতি শিক্ষার্থীদের মাঝে বৃত্তি প্রদান প্রকল্প বাবদ | ৪,০০,০০০/- |
| | | | ৬. | উপজেলা পরিষদের জন্য ১টি স্ক্যানার মেশিনক্রয় এবং স্যোলারের ব্যাটারীর পানিক্রয় বাবদ | ১০,৮১২/- |
| | | | ৭. | উপজেলা পরিষদের পানির পাম্প মেরামত বিল | ৩৪৫০/- |
| | | | ৮. | ইউনিয়ন ভূমি, | ১৭,১৭৮/- |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অফিস সদরকে ১৪২৩-১৪২৪ বাংলা সনের ভূমি উন্নয়ন কর পরিশোধ বাবদ | | |
| | | | | ৯. | উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত মডেম বিল (জুলাই/২০১৬ হতে জুন/২০১৭) বাবদ | ৮,৫৬৮/- | |
| | | | | ১০. | উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের (জানুয়ারি/১৭ হতে জুন/১৭) মাসের ভ্রমণ ভাতা বিল বাবদ | ১,০০,৭৫০/- | |
| | | | | ১১. | উপজেলা পরিষদের চেয়ারম্যান এঁর অফিস ও বাসার টেলিফোন বিল বাবদ | ৫,৬৯৯/- | |
| | | | | ১২. | উপজেলা পরিষদ ভবনের (জানুয়ারি-২০১৭ হতে জুন-২০১৭) মাসের বিদ্যুৎ বিল বাবদ | ১২,১৩৫/- | |
| | | | | ১৩. | উপজেলা পরিষদের গণ মিলনায়তনের (জানুয়ারি-২০১৭ হতে এপ্রিল-২০১৭) মাসের বিদ্যুৎ বিল বাবদ | ৩৯,৯২৭/- | |
| | | | | ১৪. | উপজেল ডিজিটাল সেন্টার স্থাপন প্রকল্পের বিল প্রদান | ১,৪৯,৯৮৮/- | |
| | | | | ১৫. | উপজেলা পরিষদের রজনীগন্ধা, হাসনাহেনা ও উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন মেরামত কাজের ব্যয় বিল | ১,৫০,০০০/- | |
| | | | | ১৬. | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ও চেয়ারম্যান অফিস মেরামত ও সংস্কার কাজের বিল | ১,০০,০০০/- | |
| | | | | ১৭. | উপজেলা পরিষদ কার্যালয়ের নূতন আসবাবপত্র ক্রয় বাবদ | ১,৫০,০০০/- | |
| | | | | ১৮. | উপজেলা ডিজিটাল সেন্টার স্থাপন কাজের বিল প্রদান (আরএফকিউ) | ২,৯৯,৮০০/- | |
| | | মোট আয় = | ২,০৬,১০৮/৫২ | | মোট ব্যয় = | ১৬,১৭,৭৪৮/০২ | |
| | | এ পর্যন্ত ক্যাশ বহিতে স্থিতি = | | ৪১,৫৮,৯০২/০২ | | | |
| | | উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তর= | | ২৫,৪১,১৫৪/- | | | |

| | | |
|---|---|---|
| | রাজস্ব তহবিলে স্থিতি= ০০/-<br>উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।<br>**সিদ্ধান্ত** ঃ উপজেলা পরিষদের বিগত জুন/১৭ মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |
| (৪) বিবিধ | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের উপজেলা উন্নয়ন ফ্যাসিলিটেটর এর অফিসের জন্য উপজেলা পরিষদের টিন সেডের একটি কক্ষ বরাদ্দ দেওয়া হয়। উক্ত কক্ষের বৈদ্যুৎ মেরামত ও একটি সিলিং ফ্যান ক্রয় বাবদ- ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকার বিল পাওয়া গেছে। উক্ত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত** ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের উপজেলা উন্নয়ন ফ্যাসিলিটেটর এর অফিসের জন্য বৈদ্যুৎ মেরামত ও একটি সিলিং ফ্যান ক্রয় বাবদ ব্যয়িত ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| | (খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের রক্ত করবী ভবনের নলকূপের পাইপ ফেঁটে কাদা-মাটি মিশ্রিত পানি বাহির হচ্ছিল। সেই পানি পুরপুরি ভাবেই ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ে। ফলে নলকূপটি স্থানীয় মেকানিকের মাধ্যমে মেরামত করা সম্ভব হয়েছে। নলকূপটি মেরামত করতে সর্বমোট- ১০,১৫০/-(দশ হাজার একশত পঞ্চাশ) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করেন।<br>**সিদ্ধান্ত** ঃ উপজেলা রাজস্ব তহবিল হতে ১০,১৫০/-(দশ হাজার একশত পঞ্চাশ) টাকা রক্ত করবী ভবনের নলকূপ মেরামতের বিল পরিশেধর সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| | (গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানা ও নীয়ন্ত্রণাধীন ভূমিতে নির্মিত উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, দিরাই কমান্ড কার্যালয় ও পাশ্ববর্তী পূর্ব পার্শ্বের দোকান ঘর মালিকানার বিষয়ে সরেজমিন তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা ভূমি অফিসের সার্ভেয়ারকে দায়িত্ব প্রদান করা হয় স্মারক নং ১২৬২, তারিখ- ১৭/১০/২০১৭খ্রিঃ মূলে। তার প্রেক্ষিতে এ.ডি.এম রুহুল আমীন, সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, দিরাই কর্তৃক ১৮/০৪/২০১৭খ্রিঃ মূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন সহকারী কমিশনার (ভূমি), দিরাই বরাবরে। তার প্রেরিত প্রতিবেদন দৃষ্টে দেখা যায় যে- উপজেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে বিদ্যমান দোকান গৃহের ভাড়া পরিশোধের জন্য জনাব এস,এম মুহিবুর রহমান'কে মুক্তিযোদ্ধা কমান্ডারের নিকট টাকা জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। যেহেতু দোকান গৃহটি উপজেলা পরিষদের মালিকানা ভূমিতে বিদ্যমান এবং জনাব এস,এম মুহিবুর রহমান শান্তিপূর্ণভাবে ব্যবসা পরিচালনা করে আসিতেছেন সুতরাং সংগত কারনে দোকান গৃহীত ভাড়া উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট জমা প্রদান করাই শ্রেয় বিষয়টিও তদন্তে পরিলক্ষিত হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত** ঃ যেহেতু দোকান গৃহটি উপজেলা পরিষদের মালিকানা ভূমিতে বিদ্যমান এবং জনাব এস,এম মুহিবুর রহমান শান্তিপূর্ণভাবে ব্যবসা পরিচালনা করে আসিতেছেন সুতরাং সংগত কারনে দোকান গৃহীত ভাড়া উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট জমা প্রদান করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| | (ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান কল্যানী ব্রীজের কাজ সমাপ্ত হয়েছে। কিন্তু এখন পর্যন্ত ব্রীজের সংযোগ রাস্তা পাকা না হওয়ার কারণে সাধারণ জনগণের চলাচল করা কষ্টকর হয়ে পরেছে। তাই উপজেলা পরিষদ হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে উক্ত ব্রীজের সংযোগ রাস্তাটি পাকা করণের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত** ঃ কল্যাণী ব্রীজের সংযোগ রাস্তাটি পাকা করণের জন্য একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয়। কমিটি কাজটি সুন্দর ও সুষ্ঠ ভাবে সম্পাদন করবে এবং উক্ত কাজের ব্যয় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখার জন্য অনুরোধ জানান। এই কাজের সমূদয় বিল উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে পরিশোধ করা জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। গঠিত কমিটি | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| | নিম্নরূপ :<br>ক) জনাব অষ্টম রায়, ইউ/পি সদস্য দিরাই সরমঙ্গল- সভাপতি, (খ) স্বাধীন দাস, পিতা- মৃত নিত্যানন্দ দাস- সদস্য সচিব, (গ) নিবারন তালুকদার, পিতা- ভক্তমোহন- সদস্য, (ঘ) দিনান্ত রায়, পিতা- নিশিকান্ত রায়- সদস্য, (ঙ) রেনুকা বালা দাস, স্বামী- অনিল দাস- সদস্য, (চ) রঞ্জুরাজ তালুকদার, পিতা- রমারাজ তালুকদার- সদস্য, (ছ) উত্তম তালুকদার, পিতা- মৃত গৌরমোহন তালুকদার- সদস্য। | |
| | (ঙ) উপজেলা মৎস্য অফিসার, দিরাই সভায় জানান জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৭ আগামী- ১৮ জুলাই হতে ২৪ জুলাই দেশব্যাপী উদ্‌যাপিত হতে যাচ্ছে। উক্ত অনুষ্ঠানটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য সকলকে উপস্থিত থেকে সহযোগীতা করার জন্য অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৭ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থেকে সহযোগীতা করার জন্য অনুরোধ জানান। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| | (চ) উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই সভায় জানান ২০১৬-২০১৭ অর্থ বছরের অতিরিক্ত ভাতা প্রদানের জন্য ভাতাভোগী নির্বাচন করে আগামী- ৩১/০৭/২০১৭ তারিখের মধ্যে ইউনিয়ন কমিটির রেজুলেশন সহ তালিকা প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** ২০১৬-২০১৭ অর্থ বছরের অতিরিক্ত ভাতা প্রদানের জন্য ভাতাভোগী নির্বাচন করে আগামী- ৩১/০৭/২০১৭ তারিখের মধ্যে ইউনিয়ন কমিটির রেজুলেশন সহ তালিকা প্রস্তুতক্রমে উপজেলা সমাজসেবা অফিসারের বরাবরে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| | (ছ) উপজেলা নির্বাচন অফিসার, দিরাই সভায় জানান আগামী- ২৫ জুলাই ২০১৭ তারিখ হতে জাতীয় পরিচয়পত্র হালনাগাদ কার্যক্রম শুরু হবে। তথ্য সংগ্রহকারিগণ বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করবেন। এই তথ্য সংগ্রহের কাজটি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগীতা করার জন্য অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** জাতীয় পরিচয়পত্র হালনাগাদ কার্যক্রম কাজটি সুষ্ঠু ভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলে সহযোগীতা করার জন্য অনুরোধ জানান। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| | (জ) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের আওতায় উপজেলা পরিষদের জন্য একটি রেষ্ট হাউস তৈরী করার প্রস্থাব উপস্থাপন করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বলেন উপজেলা পরিষদের জন্য উপজেলা পরিষদের তহবিলের মাধ্যমে একটি রেষ্ট হাউস তৈরীর জন্য প্রাক্কলন প্রস্তুতক্রমে মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরন করা যেতে পারে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের তহবিলের মাধ্যমে একটি রেষ্ট হাউস তৈরীর জন্য প্রাক্কলন প্রস্তুতক্রমে মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী, দিরাই কে অনুরোধ জানান। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| | (ঝ) উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান যে, ২০১৬-২০১৭ অর্থ বছরের (১) বাউল সম্রাট শাহ্ আব্দুল করিম লোক উৎসব মঞ্চ নির্মাণ বাবদ- ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা ও দিরাই উপজেলার সীমানায় তোরণ নির্মাণ বাবদ- ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার প্রাক্কলনটি ০৯/০৩/২০১৭ খ্রিঃ তারিখের সভায় সিদ্ধান্তে গৃহীত হয়। তার প্রেক্ষিতে দরপত্র আহবান করে ঠিকাদার নির্বাচন করা হয়েছিল। কিন্তু স্থান ও জমি সংক্রান্ত জটিলতার কারনে বর্ণিত প্রকল্প ০২(দুই)টি পরিষদের পক্ষে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। তাই সংশ্লিষ্ট কাজ ০২(দুই)টি স্থগিত করত: নিয়োজিত ঠিকাদারদের Performonce Security ফেরত দানের প্রস্তাব করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে কাজ ০২(দুই)টি স্থগিত করত: নিয়োজিত ঠিকাদারদের Performonce Security ফেরত দানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হাফিজুর রহমান তালুকদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

স্মারক নং-০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-৩০ তারিখ ঃ ১৩/০৭/২০১৭খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। জনাব ড. জয়া সেনগুপ্তা, মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
০৬। মেয়র, দিরাই পৌরসভা।
০৭। উপজেলা ------------------------------------------------------------ অফিসার (সংশ্লিষ্ট সকল), দিরাই।
০৮। চেয়ারম্যান------------------------------------------------------------ ইউ/পি (সকল), দিরাই।
০৯। অফিস নথি/মাস্টার ফাইল।

১৩/৭/১৭

(মোঃ মাছুম বিল্লাহ)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:)
দিরাই, সুনামগঞ্জ।

| পরিশিষ্ট "ক" | |
|---|---|
| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা |
| ০১। জনাব মোঃ হাফিজুর রহমান তালুকদার,চেয়ারম্যান,উপজেলা পরিষদ,দিরাই।<br>০২। জনাব গোলাপ মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০৩। বেগম ছবি চৌধুরী, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিরাই।<br>০৪। জনাব মোঃ রেজুয়ান হুসেন খাঁন,চেয়ারম্যান,রফিনগর ইউপি।<br>০৫। জনাব মোঃ শাহাজাহান কাজী, চেয়ারম্যান,ভাটিপাড়া ইউপি।<br>০৫। জনাব সৌম্য চৌধুরী, চেয়ারম্যান,রাজানগর ইউ/পি।<br>০৬। জনাব মোঃএহসান চৌধুরী,চেয়ারম্যান,দিরাই সরমঙ্গল ইউপি।<br>০৭। জনাব আছাব উদ্দীন সরদার,চেয়ারম্যান,করিমপুর ইউপি।<br>০৮। জনাব মোঃ শিবলী আহমেদ বেগ, চেয়ারম্যান,জগদল ইউপি।<br>০৯। জনাব আব্দুল কদ্দুছ,চেয়ারম্যান,তাড়ল ইউপি।<br>১০। জনাব মোঃ মুজিবুর রহমান, চেয়ারম্যান, কুলঞ্জ ইউপি। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই,সুনামগঞ্জ।<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্ত, দিরাই,সুনামগঞ্জ।<br>০৩। উপজেলা মৎস্য অফিসার, দিরাই,সুনামগঞ্জ ।<br>০৪। উপজেলা প্রকৌশলী, দিরাই,সুনামগঞ্জ।<br>০৫। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই,সুনামগঞ্জ।<br>০৬। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই,সুনামগঞ্জ।<br>০৭। উপজেলা সমবায় অফিসার, দিরাই,সুনামগঞ্জ।<br>০৮। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই,সুনামগঞ্জ।<br>০৯। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই,সুনামগঞ্জ।<br>১০। উপজেলা যুবউন্নয়ন অফিসার, দিরাই,সুনামগঞ্জ।<br>১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই,সুনামগঞ্জ ।<br>১২। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই,সুনামগঞ্জ।<br>১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই,সুনামগঞ্জ।<br>১৪। উপজেলা কৃষি অফিসার, দিরাই,সুনামগঞ্জ। |

| পরিশিষ্ট "খ" | |
|---|---|
| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা |
| ০১। জনাব মোঃ মোশাররফ মিয়া, মেয়র, দিরাই পৌরসভা।<br>০২। জনাব রতন কুমার দাস,চেয়ারম্যান, চরনারচর ইউপি। | ০১। উপজেলা পঃপঃ কর্মকর্তা, দিরাই,সুনামগঞ্জ।<br>০২। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই,সুনামগঞ্জ।<br>০৩। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই।<br>০৪। উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার, প্রকল্প দিরাই, সুনামগঞ্জ। |